The Financial Express
SUNDAY, 15 JANUARY 2023

# Power tariff hike poses a challenge for pvt sector

## *Says DCCI president*

FE REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has raised a concern about the recent electricity tariff hike, saying that this will be a challenge for the private sector.

"The recent retail electricity tariff hike, although relatively minimal, will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power-intensive industries," DCCI President Barrister Md Sameer Sattar said in a statement on Saturday.

The country's economy has already been experiencing unprecedented challenges due to the ongoing global economic crisis and broken supply chain system, he said.

And one of the pressing challenges facing the country's economy is the primary energy supply crunch as Bangladesh is heavily dependent on huge import of primary energy resources, he added.

The private sector is already struggling with high inflation and devaluation of local currency along with other economic challenges, though the government is compelled towards such a move due to volatile international energy prices, the DCCI president pointed out.

He expressed the hope that the government would continue to adjust the power tariff rationally in order to minimise the adverse impacts on the private sector and local industries.

Mentioning that the government started working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, he appealed to the government for a competitive, predictable and gradual hike in electricity tariff so as to avoid any sudden price shock to the private sector.

Since price hike is inevitable given the current situation, it is important that the government should adopt a predictable price hike policy so that the private sector can make necessary planning beforehand for their businesses, he suggested.

"Through this, the private businesses will be able to take considered decisions as to how they will strategise their businesses for the days to come," he said.

"Also, even if there is a price hike to deal with the current challenges, it is important that the government should be prepared to bring the power prices down once the challenges are over. It should not be a one-way road."

The DCCI president also urged the government to explore renewable and alternative energy sources and prioritise local gas exploration.

To deal with any power shortage, the government should regularly check the efficiency of all power plants and minimise any system loss, he said.

The energy and power are key resources to maintain industrial and investment competitiveness in Bangladesh, he added.

*talhabinhabib@yahoo.com*

The Daily Star
SUNDAY, 15 JANUARY 2023

# Power tariff hike to weigh on private sector: DCCI

STAR BUSINESS REPORT

The recent retail electricity tariff hike will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power intensive industries, according to the Dhaka Chamber of Commerce and Industry (DCCI).

The tariff hike came at a time when the private sector was struggling with high inflation and devaluation of local currency along with other challenges, the chamber's President Md Sameer Sattar said.

The government was compelled to take such a decision due to volatile international energy prices, he said in a statement released by the DCCI.

However, the DCCI president hopes the government will continue to adjust the tariff rationally in order to minimise the adverse impact on the private sector and local industries.

The government is working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, Sattar said.

The electricity price hike should be competitive, predictable and gradual so that the private sector can avoid any sudden price shock, he said.

Since price hike is inevitable given the current situation, it is important that a predictable price hike policy is put into place such that the private sector can make necessary planning for their businesses, he said.

Through this, the private businesses will be able to take considered decisions as to how they will strategise their businesses for the days to come, the DCCI chief added.

Along with this, the government should be prepared to bring the power prices down once the challenges are over as it should not be a one-way road, he suggested.

Since Bangladesh is highly dependent on energy import, Sattar also urged the government to explore renewable and alternative energy sources and more importantly, prioritise local gas exploration.

To deal with any power shortage, the government should regularly check the efficiency of all power plants and minimise any system loss.

The Daily Star

Business

# 'Electricity tariff hike a challenge for private sector'

DCCI President Md Sameer Sattar says

Star Business Report

Sat Jan 14, 2023 03:38 PM Last update on: Sat Jan 14, 2023 03:46 PM



**The recent retail electricity tariff hike will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power intensive industries, Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Barrister Md Sameer Sattar said.**

The tariff hike came at a time when the private sector was struggling with high inflation and devaluation of local currency along with other economic challenges, he said.

The government was compelled to take such a decision due to volatile international energy prices, he said in a statement released by the DCCI.

However, the DCCI president hopes the government will continue to adjust the tariff rationally in order to minimise the adverse impact on the private sector and local industries.

The government is working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, Sattar said.

The electricity price hike should be competitive, predictable and gradual so that the private sector can avoid any sudden price shock, he said.

Since price hike is inevitable given the current situation, it is important that a predictable price hike policy is put into place so that the private sector can make necessary planning for their businesses ahead, he said.

Through this, the private businesses will be able to take considered decisions as to how they will strategise their businesses for the days to come, the DCCI chief added.

Along with this, the government should be prepared to bring the power prices down once the challenges are over as it should not be a one-way road, he suggested.

Since, Bangladesh has a high dependency on energy import, Barrister Sattar also urged the government to explore renewable and alternative energy sources and more importantly, prioritise local gas exploration.

To deal with any power shortage, the government should regularly check the efficiency of all power plants and minimise any system loss.

The president of Dhaka Chamber feels that energy and power are key resources to maintain industrial and investment competitiveness in Bangladesh.

THE BUSINESS STANDARD
SUNDAY, 15 JANUARY 2023

# Power price hike a challenge for private sector: DCCI president

BUSINESS – BANGLADESH

TBS REPORT

The recent hike in power tariffs at the retail level will put an additional cost burden on the private sector and overall economic activity, including electricity-dependent local industries, said Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Sameer Sattar.

The country's private sector is already going through adverse conditions due to high inflation and currency devaluation, among other economic challenges, he reacted in a media statement following a recent electricity tariff hike.

As the government is forced to take such a decision thanks to volatile energy prices in the international market, Sameer Sattar hopes the government will continue to adjust the power price rationally to minimise the adverse impact on the private sector and local industries.

The increase in the electricity price should be competitive, predictable, and gradual so that the private sector can avoid any sudden price shock, he says.

Since price hike is inevitable amid ongoing situations, the government should ensure a predictable price hike policy so that the private sector can make necessary planning and strategic decisions to run their businesses for the days to come, he said.

Since the electricity tariff has been hiked to tackle ongoing challenges, the government should have a plan to bring the prices down once the situation is better. It should not be a one-way road, he added.

As Bangladesh is highly dependent on imported energy, Sameer Sattar also urged the government to emphasize finding out renewable and alternative energy sources and gas exploration locally.

Moreover, to tackle the crisis of shortage in the power sector, the government should take measures to regularly check the capacity of all power plants and reduce system losses.

To retain Bangladesh's capability in the industry and investment sectors, uninterrupted power and energy have been playing as one of the most important factors.

The Business Post
SUNDAY, 15 JANUARY 2023

# Power tariff hike challenging for pvt sector

**Staff Correspondent**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Barrister Md Sameer Sattar has said the recent retail electricity tariff hike will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power-intensive industries,

"This is because the private sector is already struggling with high inflation and devaluation of local currency along with other economic challenges," the DCCI president said in a press release.

Bangladesh's economy has been experiencing unprecedented challenges due to the ongoing global economic crisis and broken supply chain system. One of the pressing challenges that our economy faces is the primary energy supply crunch, as we have a huge import dependency for primary energy sourcing.

Though the government is compelled towards such a move due to volatile international energy prices, Barrister Md Sameer Sattar hopes that the tariff will be adjusted rationally in order to minimise the adverse impact on the private sector and local industries.

As the government is already working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, he appeals for a competitive, predictable and gradual hike in electricity tariff in order to avoid any sudden price shock to the sector.

Barrister Sattar suggests that, since a price hike is inevitable given the current situation, it is important that a predictable price hike policy is put into place so that the private sector can make necessary planning for their businesses ahead.



Barrister Md Sameer Sattar

Through this, the businesses will be able to take considered decisions as to how they will strategise their businesses for the days to come.

Also, even if there is a price hike to deal with the current challenges, the government must be prepared to bring the power prices down once the challenges are over. It should not be a one-way road.

Since Bangladesh has a high dependency on energy imports, Barrister Sattar also urged the authorities to explore renewable and alternative energy sources and, more importantly, prioritise local gas exploration.

To deal with any power shortage, he urged the authorities to regularly check the efficiency of all power plants and minimise any system loss. He feels that energy and power are the key resources to maintain industrial and investment competitiveness in Bangladesh.

TRUE & IMPARTIAL
daily sun
SUNDAY, 15 JANUARY 2023

# Power tariff hike to hurt pvt sector: DCCI

SPECIAL CORRESPONDENT

**Retail** electricity tariff increase will create an additional economic burden on the smooth operations of the private sector and power-intensive industries, said Barrister Md. Sameer Sattar, President of Dhaka Chamber of Commerce and Industry (DCCI).

He made the remarks in a reaction to Thursday's power tariff hike by five percent on average.

In recent times, Bangladesh's economy has been experiencing unprecedented challenges due to the on-going global economic crisis and broken supply chain system, DCCI president said.

He said one of the pressing challenges that "our economy faces is the primary energy supply crunch as we have huge import dependency for primary energy sourcing."

"The recent retail electricity tariff hike, although relatively minimal, will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power-intensive industries."

"This is because the private sector is already struggling with high inflation and devaluation of local currency along with other economic challenges," Barrister Sattar said.

Although the government is compelled towards such a move due to volatile international energy prices, he hopes that the government will continue to adjust the tariff rationally in order to minimise the adverse impact on the private sector and local industries.

**Government is compelled towards such a move due to volatile int'l energy prices**

Also, since it is understood that the government is already working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, the DCCI chief appeals to the government for a competitive, predictable and gradual hike in electricity tariff in order to avoid any sudden price shock to the private sector.

Barrister Sattar noted, "Since price hike is inevitable given the current situation, it is important that a predictable price hike policy is put into place by the government so that the private sector can make necessary planning for their businesses ahead."

"Even if there is a price hike to deal with the current challenges, it is important that the government should be prepared to bring the power prices down once the challenges are over. It should not be a one-way road," he pointed out.

Barrister Sattar urged the government to explore renewable and alternative energy sources and more importantly, prioritise local gas exploration.

To deal with any power shortage, the government should regularly check the efficiency of all power plants and minimise any system loss, he noted.

The DCCI president emphasised that energy and power are key resources to maintain industrial and investment competitiveness in Bangladesh.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
SUNDAY, 15 JANUARY 2023

# Businesses decry power price hike

Staff Correspondent

BUSINESS leaders on Saturday said that the latest price hike of electricity would put a negative impact on industry and livelihood of people as Bangladesh's economy was experiencing unprecedented challenges.

They said that the price hike of power would also erode the competitiveness of export sector on the global market.

The businesses also said that instead of increasing power price, the government should manage the situation through increasing efficiency of the power sector and reducing system loss.

The government in an executive order on January 12 increased the average retail electricity price by 5 per cent and the demand charge for electricity for almost all types of consumers by up to 42 per cent.

The new retail prices and charges, announced for all 23 consumer categories, will be effective from January, said a gazette notification.

'The recent retail electricity tariff hike, although relatively minimal, will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power intensive industries,' Dhaka Chamber of Commerce and Industry president Sameer Sattar said in a statement.

He said that the private sector was struggling with high inflation and devaluation of the local currency along with other economic challenges.

The DCCI president said that since price hike was inevitable given the current situation, it was important that a predictable price hike policy was put into place by the government so that the private sector could make necessary planning for their business ahead.

'Also, even if there is a price hike to deal with the current challenges, it is important that the government should be prepared to bring the power prices down once the challenges are over. It should not be a one-way road,' he said.

Sattar also urged the government to explore renewable and alternative energy sources and more importantly, prioritise local gas exploration.

To deal with any power shortage, the government should regularly check the efficiency of all power plants and minimise any system loss, he added.

Bangladesh Post
a daily with a difference
SUNDAY, 15 JANUARY 2023

# Electricity tariff hike to be a challenge for the private sector: DCCI President

Business Desk



In recent times, the Bangladesh's economy has been experiencing unprecedented challenges due to the on-going global economic crisis and broken supply chain system. One of the pressing challenges that our economy faces is the primary energy supply crunch as we have huge import dependency for primary energy sourcing, said President of Dhaka Chamber of Commerce and Industries (DCCI) Barrister Md. Sameer Sattar on Saturday.

He opined that the recent retail electricity tariff hike, although relatively minimal, will ultimately create an additional economic burden on the smooth operations of the private sector and power intensive industries. This is because of the private sector are already struggling with high inflation and devaluation of local currency along with other economic challenges.

Though the Government is compelled towards such a move due to volatile international energy prices, DCCI President Barrister Md. Sameer Sattar hopes that the Government will continue to adjust the tariff rationally in order to minimize the adverse impact on the private sector and local industries.

Also, since it is understood that the Government is already working on a plan to introduce a system for adjusting power and energy prices every month, the President of Dhaka Chamber appeals to the Government for a competitive, predictable and gradual hike in electricity tariff in order to avoid any sudden price shock to the private sector. Barrister Sattar suggests that, since price hike is inevitable given the current situation, it is important that a predictable price hike policy is put into place by the Government so that the private sector can make necessary planning for their businesses ahead. Through this, the private businesses will be able to take considered decisions as to how they will strategize their businesses for the days to come. Also, even if there is a price hike to deal with the current challenges, it is important that the Government should be prepared to bring the power prices down once the challenges are over. It should not be a one-way road.

Since, Bangladesh has a high dependency on energy import, Barrister Sattar also urged the Government to explore renewable and alternative energy sources and more importantly, prioritize local gas exploration. To deal with any power shortage, the Government should regularly check the efficiency of all power plants and minimize any system loss. The President of Dhaka Chamber feels that energy and power are key resources to maintain industrial and investment competitiveness in Bangladesh.

প্রথম আলো

ঢাকা চেম্বারের সভাপতি

# জ্বালানি-বিদ্যুতের দাম সমন্বয় যেন একমুখী না হয়

বাণিজ্য ডেস্ক

প্রকাশ : ১৫ জানুয়ারি ২০২৩, ১০ : ২৮



বিশ্ববাজারে জ্বালানির মূল্যবৃদ্ধির কারণে সরকার তেলের পাশাপাশি সম্প্রতি বিদ্যুতের দাম বাড়িয়েছে। এতে বেসরকারি খাত চাপে পড়বে। এক বিবৃতিতে ঢাকা চেম্বারের সভাপতি মো. সামীর সাত্তার বলেন, বিশ্ববাজারে জ্বালানির মূল্যবৃদ্ধির কারণে সরকার বিদ্যুতের দাম বাড়িয়েছে। তবে দাম সমন্বয় যেন একমুখী না হয়, অর্থাৎ বিশ্ববাজারে দাম কমলে যেন দেশেও কমানো হয়।

আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যবৃদ্ধির কারণে সরকার বিদ্যুতের দাম সমন্বয় করছে। তবে ঢাকা চেম্বারের সভাপতি আশা করেন, সরকার স্থানীয় শিল্প ও বেসরকারি খাতে যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে, সেটি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য পরবর্তীকালেও যৌক্তিকভাবে সমন্বয় করবে।

এদিকে সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয়ের পরিকল্পনা করছে এবং এ-সংক্রান্ত কৌশল নির্ধারণের কাজ চলছে। সরকারের কাছে চেম্বারের সভাপতির আহ্বান, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে ও ধারাবাহিকভাবে বৃদ্ধি করে, যাতে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। সামীর সাত্তার মনে করেন, বর্তমান পরিস্থিতিতে মূল্যবৃদ্ধির হয়তো বিকল্প নেই, তবু সরকারের উচিত একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা, যাতে এ ধরনের মূল্যবৃদ্ধির প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগেভাগেই প্রস্তুতি নিতে পারে।

এতে তাদের পক্ষে কৌশলী সিদ্ধান্ত নেওয়া সুবিধাজনক হবে। সামীর সাত্তারের মত, জ্বালানির মূল্য সমন্বয় কোনোভাবেই একমুখী হওয়া ঠিক হবে না। অর্থাৎ বিশ্ববাজারে দাম কমলে যেন জ্বালানি তেল ও বিদ্যুতের দাম কমানো হয়।

দেশের অর্থনীতি জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল। এ অবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের আছে আহ্বান জানান। বিদ্যুৎ স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারের উচিত নিয়মিতভাবে বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই ও সিস্টেম লস কমানো।

ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে দেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের বিকল্প নেই।

দৈনিক ইত্তেফাক
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং হতে পারে : ঢাকা চেম্বার

■ ইত্তেফাক রিপোর্ট

বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট ও বিপর্যস্ত সাপ্লাই চেইন-ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এসব চ্যালেঞ্জের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে প্রাথমিক জ্বালানি সংকট। কারণ আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানিনির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। যদিও তা তুলনামূলকভাবে কম, তবে সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্পকারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। সম্প্রতি বিদ্যুতের মূল্যবৃদ্ধির বিষয়ে এক প্রতিক্রিয়ায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এ কথা বলেন। তিনি উল্লেখ করেন, বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় মূল্যবৃদ্ধির নেতিবাচক প্রভাব না পড়ে, সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তী সময়েও কার্যক্রম অব্যাহত রাখবে। বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সেই সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে, তাই ঢাকা চেম্বারের সভাপতি সরকারের কাছে আহ্বান করেন, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে, যাতে করে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। বর্তমান পরিস্থিতিতে মূল্যবৃদ্ধির হয়তো কোনো বিকল্প নেই, তবু সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্যবৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

যেহেতু, বাংলাদেশ জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের কাছে আহ্বান জানিয়েছেন। বিদ্যুৎ খাতে স্বচ্ছতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে

বণিক বার্তা

রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩ সমৃদ্ধির সহযাত্রী

ঢাকা চেম্বার সভাপতির বিবৃতি

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জ



নিজস্ব প্রতিবেদক ■

বিদ্যুতের মূল্যবৃদ্ধি দেশের বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং হতে পারে বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিনি এ মন্তব্য করেন। গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম ৫ শতাংশ বাড়িয়ে সরকার গত বৃহস্পতিবার এক প্রজ্ঞাপন জারি করে। দুই বছর পর খুচরা পর্যায়ে বাড়ানো নতুন এ দর জানুয়ারি থেকেই কার্যকরের ঘোষণা দেয়া হয়েছে।

ব্যারিস্টার মো. সামীর সাত্তার সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ায় বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এর মধ্যে প্রধান চ্যালেঞ্জ প্রাথমিক জ্বালানি সংকট; যেহেতু এর উৎস আমদানিনির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বাড়ানো হয়েছে, যদিও তা তুলনামূলকভাবে কম। তবে সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্প-কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় এটি অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে এরই মধ্যে প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানি মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে।

ঢাকা চেম্বারের সভাপতি সামীর সাত্তার অবশ্য আশা করে বলেন, 'স্থানীয় শিল্প ও বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে তা বিবেচনায় নিয়ে সরকার যেন বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয় করে। যেহেতু এটা দৃশ্যমান যে প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয়ের পরিকল্পনা করা হয়েছে। এ-সংক্রান্ত একটি কৌশল নির্ধারণেরও কাজ চলছে বলে জানা গেছে। তাই সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বাড়ায়, যাতে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে।'

ব্যারিস্টার সাত্তার মনে করেন, বর্তমান পরিস্থিতিতে মূল্যবৃদ্ধির হয়তো কোনো বিকল্প নেই। তবু সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন। যাতে এ ধরনের মূল্যবৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত নিতে পারে। সেই সঙ্গে চলমান পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এ বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ নেয়। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের কাছে আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'বিদ্যুৎ স্বল্পতার সংকট মোকাবেলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই এবং সিস্টেম লস হ্রাসের উদ্যোগ নেয়া উচিত। কেননা শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা রাখে।'

সমকাল
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

■ ঢাকা চেম্বার সভাপতির প্রতিক্রিয়া

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং

■ সমকাল প্রতিবেদক

বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এসব চ্যালেঞ্জের অন্যতম হচ্ছে প্রাথমিক জ্বালানি সংকট, যেহেতু আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানিনির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধি তুলনামূলকভাবে কম হলেও সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্পকারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয় বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি, টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। ঢাকা চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার সামীর সাত্তার এক প্রতিক্রিয়ায় এমন মত দিয়েছেন।

যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির দামে অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে। তবে আশা করেন, সরকার স্থানীয় শিল্প ও বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে, তা বিবেচনায় নিয়ে বিদ্যুতের দাম যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তী সময়ে কার্যক্রম অব্যাহত রাখবে। এটি দৃশ্যমান, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির দাম সমন্বয়ের পরিকল্পনা করছে এবং এ সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে। তিনি সরকারের কাছে আহ্বান জানান, সরকার যেন বিদ্যুতের দাম সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বাড়ায়, যাতে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। ব্যারিস্টার সাত্তার মনে করেন, বর্তমান পরিস্থিতিতে দাম বাড়ানোর হয়তো বিকল্প নেই, তবুও সরকারের একটি অনুমানযোগ্য দাম নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন; যাতে এ ধরনের দাম বাড়ার কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকে প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত নিতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এই বর্ধিত দাম হ্রাসের উদ্যোগ নেয়। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং : ডিসিসিআই সভাপতি

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এ চ্যালেঞ্জগুলোর মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ প্রাথমিক জ্বালানি সংকট। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধি সার্বিকভাবে বেসরকারি খাত এবং বিদ্যুৎ নির্ভর শিল্প কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচলনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলেন তিনি। সামীর সাত্তার বলেন, যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে। তবে তিনি আশা করেন যে, স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে। সে বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে।

দৈনিক বাংলা
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

### ডিসিসিআই সভাপতি

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং

প্রতিবেদক, দৈনিক বাংলা

সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধিতে বেসরকারি খাত আরও চ্যালেঞ্জে পড়বে। সার্বিকভাবে এ খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্পকারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় এটি অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতিমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার গতকাল শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশিমাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তী সময়েও কার্যক্রম অব্যাহত রাখবে। যেহেতু এটি দৃশ্যমান যে, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সে-সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে, তাই ঢাকা চেম্বারের সভাপতি সরকারের কাছে আহ্বান করেন যে, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে। যাতে করে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে।

দেশ রূপান্তর
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# চ্যালেঞ্জে পড়বে বেসরকারি খাত

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বারের (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এমন সময়ে খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধি করায় দেশের বেসরকারি খাত আরও বেশি চ্যালেঞ্জের মুখে পড়বে। বিদ্যুতের দাম বৃদ্ধির প্রতিক্রিয়ায় গতকাল তিনি এ কথা বলেছেন।

মো. সামীর সাত্তার বলেন, বিদ্যুতের দাম বাড়ানোয় সার্বিকভাবে বেসরকারি খাতে বিদ্যুৎনির্ভর শিল্পকারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতিমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে, সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তী সময়েও কার্যক্রম অব্যাহত রাখবে।

ডিসিসিআইর এই নেতা দাবি করেন, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে, যাতে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন। এ ধরনের দাম বাড়ার কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

যেহেতু বাংলাদেশ জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দেওয়ার দাবিও করেন তিনি। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত।

তিনি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং : ডিসিসিআই

**অর্থনৈতিক রিপোর্টার :** বৈশ্বিক অর্থনৈতিক সঙ্কট এবং সরবরাহ ব্যবস্থার অবনতিতে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এর মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে, প্রাথমিক জ্বালানি সঙ্কট। কেননা আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানিনির্ভর। গতকাল এক বিবৃতিতে ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এসব কথা বলেন।

তিনি বলেন, সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বৃদ্ধি করা হয়েছে। এটা তুলনামূলক কম হলেও সার্বিকভাবে বেসরকারি খাতে বিশেষত বিদ্যুৎনির্ভর শিল্প-কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় বাড়তি বোঝা হিসেবে বিবেচিত হবে। উচ্চ মূল্যস্ফীতি ও টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে এমনিতেই দেশের বেসরকারি খাত প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। চেম্বার সভাপতি আশা করেন, সরকার স্থানীয় শিল্প ও বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে।

ব্যারিস্টার সাত্তার বলেন, বর্তমান পরিস্থিতিতে বিদ্যুতের মূল্য বৃদ্ধির হয়তো কোনো বিকল্প নেই। তবুও সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি নিতে পারে। আর পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ নেয়। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

সত্যের সন্ধানে নির্ভীক
THE DAILY JUGANTOR
যুগান্তর
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

ঢাকা চেম্বারের প্রতিক্রিয়া

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি চ্যালেঞ্জিং হবে

যুগান্তর প্রতিবেদন

বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতির কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এ অবস্থায় খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতে এবং বিদ্যুৎ নির্ভর শিল্পকারখানা পরিচলনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসাবে বিবেচিত হবে। কারণ এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতোমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

শনিবার সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিদ্যুতের মূল্যবৃদ্ধির প্রতিক্রিয়ায় এ অভিমত ব্যক্ত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার সামীর সাত্তার আশা করেন, সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশিমাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি প্রয়োজন যাতে বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। ডিসিসিআই মনে করে, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসাবে ভূমিকা পালন করে থাকে। তাই বিদ্যুৎ সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লস হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত।

প্রকাশনার ৭০ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# বিদ্যুতের মূল্যবৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং: ঢাকা চেম্বার

অর্থনৈতিক বার্তা পরিবেশক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মনে করে, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এ চ্যালেঞ্জসমূহের মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে প্রাথমিক জ্বালানি সংকট, যেহেতু আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানি নির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বৃদ্ধি, যদিও তা তুলনামূলকভাবে কম, তবে সার্বিকভাবে বেসরকারিখাতে এবং বিদ্যুৎ নির্ভর শিল্প কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারিখাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতোমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, 'সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারিখাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। যেহেতু এটা দৃশ্যমান, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সেই সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে।

তাই সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে। যাতে করে, বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে।'

তিনি আরও বলেন, 'বর্তমান পরিস্থিতিতে মূল্য বৃদ্ধির হয়তো কোন বিকল্প নেই। তবুও সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন। এতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।'

তিনি আরও বলেন, 'যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুতের মূল্য বৃদ্ধি করা হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে আসলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি কোনভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

যেহেতু, বাংলাদেশ জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের নিকট আহ্বান জানাচ্ছেন। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎ কেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত।

ঢাকা চেম্বারের সভাপতি আরও মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# অর্থনীতিতে ব্যয়ের বোঝা হবে বিদ্যুতের মূল্যবৃদ্ধি

নিজস্ব প্রতিবেদক






বেসরকারি খাতের জন্য হবে চ্যালেঞ্জিং

**সামীর সাত্তার** ঢাকা চেম্বার সভাপতি

বিদ্যুতের মূল্যবৃদ্ধির চরম বিরোধিতা করেছে ব্যবসায়ীদের অন্যতম শীর্ষ সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই)। সংগঠনটির পক্ষ থেকে বলা হয়েছে, সাম্প্রতিক সময়ে পাইকারি ও খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোয় সেটি দেশের অর্থনীতিতে ব্যয়ের বোঝা হয়ে দাঁড়াবে। যা বহনের সক্ষমতা এই মুহূর্তে ব্যবসায়ীদের নেই। গতকাল শনিবার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআইর পক্ষ থেকে এসব কথা বলা হয়।

ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বিবৃতিতে বলেন, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এসব চ্যালেঞ্জের মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে প্রাথমিক জ্বালানি সংকট; যেহেতু আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানিনির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্যবৃদ্ধি, যদিও তা তুলনামূলকভাবে কম, তবে সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্প কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতিমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

তিনি বলেন, যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে। তবে সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। যেহেতু এটা দৃশ্যমান যে, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সেই সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে, তাই সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে। যাতে করে, বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে।

ব্যারিস্টার সাত্তার বলেন, বর্তমান পরিস্থিতিতে মূল্য বৃদ্ধির হয়তো কোনো বিকল্প নেই, তবুও সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুতের মূল্যবৃদ্ধি করা হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

তিনি বলেন, যেহেতু বাংলাদেশ জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের কাছে আহ্বান জানাচ্ছেন। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎ কেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লস হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত। শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে। সুতরাং শিল্পে নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুতের সরবরাহও নিশ্চিত করতে হবে সরকারকে।

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ
রবিবার, ১৫ জানুয়ারি ২০২৩

# বিদ্যুতের মূল্য বৃদ্ধি বেসরকারি খাতের জন্য বড় চ্যালেঞ্জ : ঢাকা চেম্বার

● **অর্থ-বাণিজ্য ডেস্ক**

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্যদিয়ে যাচ্ছে। এসব চ্যালেঞ্জের মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে, প্রাথমিক জ্বালানি সংকট, যেহেতু আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানি নির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বৃদ্ধি, যদিও তা তুলনামূলকভাবে কম, তবে সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্প-কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচলনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে এরই মধ্যে প্রতিকূল অবস্থার মধ্যদিয়ে যাচ্ছে।

যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে, তবে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আশা করেন যে, সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে, সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। যেহেতু এটা দৃশ্যমান যে, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সেই সংক্রান্ত একটি কৌশল নির্ধারণের কাজ চলছে, তাই ঢাকা চেম্বারের সভাপতি সরকারের কাছে আহ্বান করেন যে, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে, যাতে করে, বেসরকারি খাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে। ব্যারিস্টার সাত্তার মনে করেন, বর্তমান পরিস্থিতিতে মূল্য বৃদ্ধির হয়তো কোনো বিকল্প নেই, তবুও সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারি খাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণ সহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যুতের মূল্য বৃদ্ধির করা হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে এলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য, হ্রাসের উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

যেহেতু, বাংলাদেশ জ্বালানি আমদানির উপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সাথে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের নিকট আহ্বান জানাচ্ছেন। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎকেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ

ঢাকা চেম্বারের সভাপতি

# বিদ্যুতের মূল্য বৃদ্ধি বেসরকারিখাতের জন্য চ্যালেঞ্জিং হতে পারে

কাগজ প্রতিবেদক

প্রকাশিত: জানুয়ারি ১৪, ২০২৩ , ৩:৩৯ অপরাহ্ন
আপডেট: জানুয়ারি ১৪, ২০২৩ , ৩:৪২ অপরাহ্ন



ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং বিপর্যস্ত সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছে। এসব চ্যালেঞ্জসমূহের মধ্যে আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে, প্রাথমিক জ্বালানি সংকট, যেহেতু আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানি নির্ভর। সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বৃদ্ধি, যদিও তা তুলনামূলকভাবে কম, তবে সার্বিকভাবে বেসরকারিখাতে এবং বিদ্যুৎ নির্ভর শিল্প কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড পরিচলনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা হিসেবে বিবেচিত হবে। এমনিতেই দেশের বেসরকারিখাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়ন সহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে ইতোমধ্যেই প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে।

শনিবার (১৪ জানুয়ারি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলেন তিনি। যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরণের সিদ্ধান্ত নিতে হচ্ছে, তবে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আশা করেন যে, সরকার স্থানীয় শিল্প এবং বেসরকারিখাতের উপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। যেহেতু এটা দৃশ্যমান যে, বাংলাদেশ সরকার প্রতি মাসেই জ্বালানির মূল্য সমন্বয় করার পরিকল্পনা করছে এবং সেই সংক্রান্ত একটি কৌশল নির্ধারনের কাজ চলছে, তাই ঢাকা চেম্বারের সভাপতি সরকারের নিকট আহ্বান করেন যে, সরকার যেন বিদ্যুতের মূল্য সহনশীলভাবে এবং ক্রমান্বয়ে বৃদ্ধি করে, যাতে করে, বেসরকারিখাত অপ্রত্যাশিত বর্ধিত ব্যয়ের বোঝা এড়াতে পারে।

ব্যারিস্টার সাত্তার মনে করেন, বর্তমান পরিস্থিতিতে মূল্য বৃদ্ধির হয়তো কোন বিকল্প নেই, তবুও সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারিখাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণ সহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলী সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলায় বিদ্যুতের মূল্য বৃদ্ধির করা হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে আসলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য, হ্রাসের উদ্যোগ গ্রহণ করে। বিষয়টি কোনভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

তিনি আরো বলেন, বাংলাদেশ জ্বালানি আমদানির উপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একই সাথে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের নিকট আহ্বান জানাচ্ছেন। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবেলায় সরকারকে নিয়মিতভাবে সকল বিদ্যুৎ কেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে থাকে।

বাংলা ট্রিবিউন

# বিদ্যুতের মূল্য বৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জিং: ঢাকা চেম্বার

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৪ জানুয়ারি ২০২৩, ২০:১৭



ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার

সম্প্রতি খুচরা পর্যায়ে বিদ্যুতের মূল্য বৃদ্ধি সার্বিকভাবে বেসরকারি খাতে এবং বিদ্যুৎনির্ভর শিল্প কারখানাসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনায় অতিরিক্ত ব্যয়ের বোঝা তৈরি করবে বলে মনে করেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের সংগঠন ঢাকা চেম্বার মনে করছে, এমনিতেই দেশের বেসরকারি খাত উচ্চ মূল্যস্ফীতি এবং টাকার অবমূল্যায়নসহ অন্যান্য অর্থনৈতিক চ্যালেঞ্জের কারণে প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছে। বিদ্যুতের মূল্য বৃদ্ধি বেসরকারি খাতের জন্য চ্যালেঞ্জ তৈরি করবে।

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, আমরো আশা করছি সরকার স্থানীয় শিল্প ও বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে। যদিও আন্তর্জাতিক বাজারে জ্বালানির মূল্যের অস্থিরতার কারণে সরকারকে এ ধরনের সিদ্ধান্ত নিতে হচ্ছে।

বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক সংকট এবং সাপ্লাই চেইন ব্যবস্থায় অবনতি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জে মুখোমুখি বলে উল্লেখ করেন ব্যারিস্টার মো. সামীর সাত্তার। তিনি বলেন, আমাদের অর্থনীতির অন্যতম প্রধান চ্যালেঞ্জ হচ্ছে প্রাথমিক জ্বালানি সংকট। আমাদের প্রাথমিক জ্বালানির উৎস মূলত আমদানি নির্ভর। তিনি আশা প্রকাশ করেন, স্থানীয় শিল্প এবং বেসরকারি খাতের ওপর যেন বেশি মাত্রায় নেতিবাচক প্রভাব না পড়ে সে বিষয়টি বিবেচনায় নিয়ে বিদ্যুতের মূল্য যৌক্তিকভাবে সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতেও কার্যক্রম অব্যাহত রাখবে সরকার।

তিনি বলেন, সরকারের একটি অনুমানযোগ্য মূল্য নির্ধারণ নীতিমালা নিশ্চিত করা প্রয়োজন, যাতে করে এ ধরনের মূল্য বৃদ্ধির কারণে সৃষ্ট প্রভাব সম্পর্কে বেসরকারিখাত আগে থেকেই প্রস্তুতি গ্রহণসহ তাদের ব্যবসা পরিচালনায় কৌশলি সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যদিও বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিবেলায় বিদ্যুতের মূল্য বৃদ্ধি করা হয়েছে, তবে চলমান পরিস্থিতি অনুকূলে আসলে সরকার যেন পুনরায় এই বর্ধিত মূল্য হ্রাসের উদ্যোগ নেয়। বিষয়টি কোনোভাবেই একমুখী হওয়া উচিত হবে না।

যেহেতু, বাংলাদেশ জ্বালানি আমদানির ওপর বেশি মাত্রায় নির্ভরশীল, এমতাবস্থায় নবায়নযোগ্য ও বিকল্প জ্বালানির উৎস খুঁজে বের করতে এবং একইসঙ্গে স্থানীয়ভাবে গ্যাস অনুসন্ধান কার্যক্রমে প্রাধান্য দিতে সামীর সাত্তার সরকারের কাছে আহ্বান জানাচ্ছেন। বিদ্যুৎ খাতে স্বল্পতার সংকট মোকাবিলায় সরকারকে নিয়মিতভাবে সব বিদ্যুৎ কেন্দ্রের সক্ষমতা যাচাই করা এবং সিস্টেম লসকে হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা উচিত। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, শিল্প ও বিনিয়োগ খাতে বাংলাদেশের সক্ষমতা ধরে রাখতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা পালন করে।